

বিজিএ/কাস/২০২৪/৯৫৯

২৪ আগস্ট, ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কন্টেইনারসমূহ যানবাহন বা কার্গো ঘোষণা সংশোধনের মাধ্যমে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়ার বিষয়ে দিক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩/৩৬০, তারিখঃ ২২/০৮/২০২৪

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা (১৮৫৬টি কন্টেইনার) বৃদ্ধি পাওয়ায় কন্টেইনারজট আশু নিরসনের উদ্দেশ্যে পণ্য চালানসমূহ কাস্টমস হাউস, চট্টগ্রাম/কাস্টমস হাউস, আইসিডি কমলাপুর/কাস্টমস হাউস, পানগাঁও এর মাধ্যমে কতিপয় শর্তসাপেক্ষে শুক্কায়ন ও খালাস কার্যক্রম সম্পাদনের অনুমতি প্রদান করে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত আদেশ জারী করেছে।

উল্লেখ্য, উক্ত ১৮৫৬টি কন্টেইনার খালাসের জন্য আগামী ৩১/১০/২০২৪ইং তারিখ পর্যন্ত সূত্রোক্ত আদেশটি প্রযোজ্য হবে।

প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩ | ৩৬০

তারিখ: ২২ আগস্ট, ২০২৪ খ্রি.

বিষয় : চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কন্টেইনারসমূহ যানবাহন বা কার্গো ঘোষণা সংশোধনের মাধ্যমে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়ার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।

- সূত্র: ১। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পত্র নং-টিএম/আইসিডি/১৮.০৪.০০০০.০৩৪.১৮.০০৪.১৯/১৯৮০, তারিখ: ০৪/০৮/২০২৪ খ্রিঃ;
২। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পত্র নং-ডিটি/আইসিডি/কন্টেইনার/প্রেরণ/১৯২/২১৩৪, তারিখ : ২১/০৮/২০২৪ খ্রিঃ;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩/৩৫৩, তারিখ: ২১/০৮/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং পত্রের মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পরবর্তী ০৩ (তিন) মাস ঢাকা আইসিডির পরিবর্তে কন্টেইনারসমূহ নৌ-রুটে পানগাঁও প্রেরণের অথবা আইজিএম সংশোধনের মাধ্যমে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়ার গেজেট প্রকাশের জন্য অনুরোধ জানিয়েছেন। সে প্রেক্ষিতে উল্লিখিত কন্টেইনারজট আশু নিরসনের উদ্দেশ্যে সংযুক্ত তালিকাভুক্ত মোট ১৮৫৬ টি কন্টেইনারে আনীত পণ্য চালানসমূহ কাস্টমস হাউস, চট্টগ্রাম/কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর/কাস্টমস হাউস, পানগাঁও এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুল্কায়ন ও খালাস কার্যক্রম সম্পন্নের অনুমতি প্রদান করা হলো; যথা:-


শর্ত

- (১) আমদানিকারকের অভিপ্রায় অনুসারে কাস্টমস হাউস, চট্টগ্রাম/কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর/কাস্টমস হাউস, পানগাঁও এর যে কোন বন্দর হতে পণ্য চালান খালাস করা যাবে;
- (২) কাস্টমস হাউস, চট্টগ্রাম অথবা কাস্টমস হাউস, পানগাঁও হতে খালাসের ক্ষেত্রে আমদানিকারকগণ অথবা তাদের পক্ষে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টকে খালাসতব্য কন্টেইনারের তালিকা এবং খালাসের স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কাস্টমস হাউস বরাবর আবেদন করতে হবে;
- (৩) চট্টগ্রাম বন্দর হতে আলোচ্য পণ্যচালান বা কন্টেইনার চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় শুধুমাত্র জলপথে পরিবহণ করে পানগাঁও বন্দরে আনয়ন করতে হবে;
- (৪) কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৮ অনুযায়ী উপরের শর্ত ২ এর ক্ষেত্রে যানবাহন এবং কার্গো ঘোষণা সংশোধন করতে হবে।

০২। এ পত্রের কার্যকারিতা সূত্রের পত্রের সাথে সংযুক্ত তালিকায় বর্ণিত মোট ১৮৫৬ টি কন্টেইনারের খালাসের জন্য আগামী ৩১/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রযোজ্য হবে।

০৩। এ বিষয়ে বিগত ২১/০৮/২০২৪ খ্রি. তারিখে জারিকৃত সূত্রোক্ত ০৩ নং পত্রটি এতদ্বারা বাতিল করা হল।

সংযুক্তি: বর্ণনামতেপাতা।


মুকিতুল হাসান ২২/০৮/২৪

দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

প্রাপক,

- ০১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ০২। কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর।
- ০৩। কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম।
- ০২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন (১০ম তলা), ১৬০/এ, কাকরাইল ভিআইপি সড়ক ঢাকা-১০০০।
- ০৩-০৫। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/বেনাপোল/মোংলা।
- ০৬-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/দক্ষিণ/পূর্ব/পশ্চিম/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর।
- ১৭। পিএ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।